দৈনিক ইত্তেফাক

তারিখ 15 NOV 1992
পৃষ্ঠা ৭ কলাম



গতকাল আণবিক শক্তি কমিশনের সম্মুখে রাস্তায় ছাত্ররা বাসে অগ্নিসংযোগ করে —ইত্তেফাক

### দুর্ঘটনায় ছাত্র আহত

# বাসে আগুন

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল শনিবার টি,এস,সি'র সম্মুখে একটি দ্রুতগামী মিনিবাসের চাকায় পিষ্ট হইয়া একজন কলেজ ছাত্র গুরুতর আহত হওয়ার পর উত্তেজিত একদল ছাত্র এলাকায় ৩টি মিনিবাস ভাঙ্গচুর ও একটি বাসে অগ্নিসংযোগ করে। আহত ছাত্রের নাম মীর মোনায়েম হোসেন বকুল। সে কুষ্টিয়া ইসলামিয়া কলেজের ছাত্র। তাহার দুই পা ও এক হাত থেতলাইয়া গিয়াছে। তাহাকে পঙ্গু হাসপাতালে ভর্তি করা হইয়াছে। ঘটনার পর পরই পুলিশ ধাওয়া করিয়া মিনিবাসটি আটক ও বাসের ড্রাইভারকে গ্রেফতার করে।

(৭ম পৃ: ৪-এর ক: দ্র:)

## বাসে আগুন

( ১ম পৃ: পর )

ঘটনার কিছু পরে উত্তেজিত একদল ছাত্র রাস্তায় নামিয়া পড়ে। তাহারা আণবিক শক্তি কমিশনের সম্মুখে ৩টি মিনিবাস ভাংচুর এবং পার্ক করা একটি যাত্রীবাহী বড় বাসে অগ্নিসংযোগ করে। ইহার পর এলাকায় যানবাহন চলাচল বন্ধ হইয়া যায়।